# ১১ দিনেই স্থগিত কক্সবাজারের 'আন্তর্জাতিক' বিমানবন্দর মর্যাদা



সংগৃহীত ছবি

মাত্র ১১ দিনের ব্যবধানে আন্তর্জাতিক বিমানবন্দর হিসেবে ঘোষিত কক্সবাজার আবার সেই মর্যাদা হারাল। সরকার সম্প্রতি এ সংক্রান্ত প্রজ্ঞাপন স্থগিতের সিদ্ধান্ত নিয়েছে।

বেসামরিক বিমান চলাচল উপদেষ্টা শেখ বশিরউদ্দীন শুক্রবার জানান, কক্সবাজার বিমানবন্দরের আন্তর্জাতিক স্বীকৃতি আপাতত স্থগিত রাখা হয়েছে এবং এ বিষয়ে দাপ্তরিক সিদ্ধান্ত ইতোমধ্যে গৃহীত হয়েছে।

গত ১২ অক্টোবর কক্সবাজারকে দেশের চতুর্থ আন্তর্জাতিক বিমানবন্দর হিসেবে ঘোষণা দেয় সরকার। পর্যটন নগরীটিকে বৈশ্বিক পর্যটন মানচিত্রে আরও গুরুত্ব দিতে এই পদক্ষেপ নেওয়া হয়েছিল। তবে ঘোষণার অল্প সময়ের মধ্যেই নতুন সরকারের সিদ্ধান্তে তা স্থগিত হয়ে যায়।

২০২১ সালে আওয়ামী লীগ সরকারের সময়ে শুরু হয় কক্সবাজার বিমানবন্দর উন্নয়ন প্রকল্প। রানওয়ের দৈর্ঘ্য ৬ হাজার ৭৭৫ ফুট থেকে বাড়িয়ে ৯ হাজার ফুট করা হয়, যাতে আন্তর্জাতিক ফ্লাইট ওঠানামা করতে পারে। সরকারের পরিবর্তনের পরও এই নির্মাণকাজ থেমে থাকেনি। চলতি বছরের মার্চে প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস নিজে সেখানে পরিদর্শনে যান। পরে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মকর্তারাও একাধিকবার প্রকল্পের অগ্রগতি পর্যবেক্ষণ করেন।

যদিও বিমানবন্দরটি আন্তর্জাতিক মর্যাদা পাওয়ার পর ব্যাপক উৎসাহ দেখা গেলেও কোনো বিদেশি এয়ারলাইন এখনো এখান থেকে ফ্লাইট চালাতে আগ্রহ দেখায়নি। চট্টগ্রাম ও সিলেট থেকে মধ্যপ্রাচ্য ও যুক্তরাজ্যগামী ফ্লাইট নিয়মিত চললেও কক্সবাজার রুটকে বাণিজ্যিকভাবে লাভজনক মনে করছে না এয়ারলাইনগুলো।

এদিকে, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কক্সবাজার-ঢাকা-কলকাতা রুটে ফ্লাইট চালুর ঘোষণা দিয়েছিল এই মাস থেকেই। কিন্তু নির্ধারিত সময়ের আগেই আন্তর্জাতিক স্বীকৃতি স্থগিত হওয়ায় সেই পরিকল্পনা অনিশ্চয়তায় পড়ে গেছে।

LENS ASIA